



Dhaka South Network Owner's Community (DSNOC)

19/1/A/1, Dhakeshory Road, Lalbag, Dhaka-1211.
Government of the People's Republic of Bangladesh
District Co-operative Office, Dhaka.

Registration No: 00534

www.dsnoc.org

Ref.:

Date : _____

তারিখঃ ২৯/০৮/২০২০ইং

বরাবর,

সভাপতি

ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার এসোসিয়েশন অব বাংলাদেশ (আই.এস.পি.এ.বি)

হাউজ- ০২, লেভেল-৪, রোড-২৮, ব্লক- কে,

বনানী, ঢাকা-১২১৩।

মাধ্যমঃ যথাযথ কর্তৃপক্ষ।

বিষয়ঃ বুলন্ত তার গোছানোর কার্যক্রমে অনুমতি, পরামর্শ ও সঠিক দিক নির্দেশনা প্রসঙ্গে।

জনাব,

সবিনয় বিনীত নিবেদন এই যে, আমরা পুরাতন ঢাকার BTRC অনুমোদিত লাইসেন্স প্রাপ্ত ব্রডব্যান্ড ইন্টারনেট ব্যবসায়ীবৃন্দ। আমরা দীর্ঘ দিন যাবত পুরাতন ঢাকায় গ্রাহকদের নিরবিচ্ছিন্নভাবে ইন্টারনেট সেবা প্রদান করে আসছি। আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, বর্তমানে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক বিভিন্ন জায়গায় বুলন্ত তার (ক্যাবল) অপসারণের উদ্যোগ নেয়ায় আমরা খুবই উদ্বিগ্ন। বুলন্ত তার (ক্যাবল) কর্তনের ফলে আমাদের প্রতিষ্ঠানসমূহ আর্থিকভাবে বিপুল পরিমাণে ক্ষতির সম্মুখীন হচ্ছে। আমরা পুরাতন ঢাকার সকল ইন্টারনেট ব্যবসায়ীবৃন্দ বুলন্ত তার (ক্যাবল) গোছানোর কার্যক্রম গত ১১ই আগস্ট, ২০২০ইং তারিখ হতে শুরু করেছি। বুলন্ত তার (ক্যাবল) গোছানোর জন্য আমরা কিছু ইন্টারনেট ব্যবসায়ীবৃন্দ একত্রিত হয়ে DSNOC নামক একটি কমিউনিটি গঠন করেছি। আমাদের এই কমিউনিটি রেজিস্ট্রেশন করা যা বৈধ কার্যক্রমে নিয়োজিত। আমরা পূর্বেও গত ২০/০২/২০১৮ইং তারিখ চকবাজারের ভয়াবহ অগ্নিকাণ্ডের পর একত্রিত হয়ে ইন্টারনেট তার (ক্যাবল) গুছিয়েছিলাম। এছাড়াও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অন্তর্গত এলাকাগুলোতে বিভিন্ন জায়গায় এসকল কাজ আরোও করে আসছি। বর্তমানে আমরা বেশ কয়েকটি জায়গায় ফাইবার তার (ক্যাবল) গোছানোর কাজ সম্পন্ন করছি। যেমন- লালবাগ, আজিমপুর, পলাশী, নাজিমুদ্দিন রোড, নয়াবাজার, বংশাল, মালিটোলা, ওয়ারী, কসাইটুলী, হাজারীবাগ, নবাবগঞ্জ, কামরাসীরচর, চকবাজারসহ আরোও কিছু জায়গায় কাজ করে আমরা এগিয়ে নিচ্ছি। আমরা আশাবাদী আমাদের বুলন্ত তারগুলো (ক্যাবলগুলো) সুষ্ঠুভাবে গোছানো হলে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন হয়তো তাদের অভিযান বন্ধ করতে পারে এবং আমাদের প্রাণ প্রিয় শহরের পুরাতন ঢাকার এলাকাগুলো সুন্দর ও দৃষ্টিমন্দন হবে।

অতএব, মহোদয়ের নিকট আমাদের প্রার্থনা এই যে, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অন্তর্গত এলাকাগুলোতে এসকল কাজ আমরা পূর্বেও করেছি এবং ভবিষ্যতেও করবো আশা রাখি। যেহেতু আপনারা আমাদের নির্বাচিত নেতা এবং আমাদের অভিভাবক সেহেতু আমাদের ফাইবার তারগুলো (ক্যাবলগুলো) সুস্থজলভাবে গোছানো লক্ষ্যে আমরা আপনাদের পরামর্শ, সঠিক দিকনির্দেশনার পাশাপাশি সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

নিবেদক

Md. Alim 29/08/2020

পুরাতন ঢাকার ইন্টারনেট ব্যবসায়ীবৃন্দের পক্ষে

মোঃ আলম

(সভাপতি) DSNOC
Dhaka South Network Owner's Community

মোবাইলঃ ০১৬১১-৯৬০৭৬০

